

মাতৃভাষার শুদ্ধ চর্চা

মাতৃভাষার জন্য জীবন উৎসর্গের ঘটনা একমাত্র বাংলাদেশেই (তৎকালীন পূর্ব পাকিস্তান) সংঘটিত হয়েছিল। এমন ঘটনা পৃথিবীর ইতিহাসে একটিই। তাই ২১শে ফেব্রুয়ারী শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে সারাবিশ্বে স্বীকৃতি পেয়েছে। ২১শে ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস সমগ্র পৃথিবীতে একযোগে পালিত হয়, যা সমস্ত বাঙালির জন্য গৌরবের। বাংলা ভাষা শুদ্ধভাবে বলা ও লিখার জন্য ইচ্ছার প্রয়োজন হয় এবং সামান্য চর্চা করতে হয়। চর্চার জন্য বেশি সময়ের প্রয়োজন নেই, প্রতিদিনের দাপ্তরিক পত্র মনোযোগের সাথে লক্ষ করা এবং ভুল শব্দ নির্ধারণ পূর্বক সংশোধনই যথেষ্ট।

আশা করা যায় নিম্নবর্ণিত কয়েকটি পদ্ধতি অনুসরণ করলে কর্মক্ষেত্রে ব্যবহার্য কমপক্ষে ৮০% বানান শুদ্ধভাবে লিখা সম্ভবঃ

- ১। ঋ/ র/ ষ/ র-ফলা/ রেফ/ ক্ষ এর পর মূর্ধন্য-ণ হয়ঃ
যেমনঃ ঋণ, বরণ, ঘোষণা, নিয়ন্ত্রণ, পূর্ণ, বর্ণনা, ক্ষণ, ক্ষীণ (ব্যতিক্রমঃ দুর্নাম, দুর্নিবার, দুর্নীতি)।
উল্লেখ্য যে, শুধুমাত্র ধরন ও দরুন ব্যতীত র- সম্বলিত অন্যান্য সকল শব্দে র- এর পর মূর্ধন্য-ণ হবে।
- ২। একই শব্দের মধ্যে ঋ/ র/ র-ফলা/ রেফ/ ষ/ ক্ষ —এসবের যে কোনোটির পরে যদি ক- বর্ণের ৫টি (ক/ খ/ গ/ ঘ/ ঙ), প- বর্ণের ৫টি (প/ ফ/ ব/ ভ/ ম) এবং য/ ঝ/ হ/ অনুস্বার- এসব বর্ণের এক বা একাধিক বর্ণ থাকে তবে তার পরে মূর্ধন্য-ণ হয়ঃ
যেমনঃ অর্পণ, অকর্মণ্য, উৎক্ষেপণ, চর্বণ, শ্রাবণ, ভ্রমণ, গ্রহণ, সর্বাঙ্গীণ, নিষ্ক্রমণ, নিরূপণ, লক্ষণ ইত্যাদি।
ব্যতিক্রমঃ ঋ/ র/ ষ/ র-ফলা/ রেফ/ ক্ষ এর পরে অন্য কোনো বর্ণের বর্ণ থাকলে তার পরে মূর্ধন্য-ণ না হয়ে দন্ত্য-ন হয়।
যেমনঃ অর্চনা, দর্শন, প্রার্থনা, রটনা, রচনা ইত্যাদি।
- ৩। বিদেশি শব্দে সবসময় দন্ত্য-ন হয়ঃ
যেমনঃ একাডেমি, কোম্পানি, কোরান, হর্ন, ফার্নিচার, ফ্লোরিন, বার্নিশ, নজরানা, কেরানি, জার্মানি ইত্যাদি।
- ৪। ঋ/ ঋ- কারের পর ষ হয়ঃ
যেমনঃ ঋষি, কৃষক, কৃষি, কৃষাণ, তৃষা, তৃষণ, বৃষ ইত্যাদি।
- ৫। ই- কার ও উ- কারের পর ষঃ
জিগীষা, মুমূর্ষা, শূশূষা, চিকির্ষা ইত্যাদি।
- ৬। গুণী কিন্তু গুণিজন, প্রাণী কিন্তু প্রাণিবিদ্যা, মন্ত্রী কিন্তু মন্ত্রিপরিষদ, কৃত্তী কিন্তু কৃতিত্ব, দায়ী কিন্তু দায়িত্ব, মন্ত্রী কিন্তু মন্ত্রিত্ব ইত্যাদি হবে।
- ৭। বাংলা লেখায় কি ও কী ব্যবহার করতে বিভ্রান্তিতে পড়তে হয়। যে প্রশ্নের উত্তর শুধু হী বা না দিয়ে দিলেই চলে সেখানে কি ব্যবহার করতে হয়। যেমনঃ

(১) আপনি কি খাবেন? উত্তরঃ হাঁ বা না।

(২) আপনি কি যাবেন? উত্তরঃ হাঁ বা না।

যে প্রশ্নের উত্তর হাঁ বা না দিয়ে দেওয়া যায় না- সেক্ষেত্রে কী ব্যবহার করতে হয়। যেমনঃ

(১) তুমি তার কাছে কী শুনেছ? উত্তরঃ সে যা শুনেছে তা নির্দিষ্টভাবে বলতে হবে।

(২) আপনারা কী নিয়ে আলাপ করলেন? উত্তরঃ আলোচনার বিষয়টি স্পষ্টভাবে বলতে হবে।

৮। পরিমাণ কিন্তু বর্তমান, পুনঃপুন কিন্তু পুণ্য, আসন্ন কিন্তু বিষন্ন, পণ্য কিন্তু বিপন্ন- এসব ছন্দবদ্ধভাবে মনে রাখতে হবে।

৯। সহ, সমূহ, বৃন্দ, গণ, মন্ডলী ইত্যাদি মূল শব্দের সাথে সংযুক্ত থাকবেঃ
যেমনঃ বাড়িসহ, বইসমূহ, সুধিবৃন্দ, ছাত্রগণ, জনগণ, শিক্ষকমন্ডলী ইত্যাদি।


24/02/2020

(মোঃ রেজাউল ইসলাম প্রধান)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গবেষণা ও উন্নয়ন) অঃ দাঃ

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।

যেসব শব্দ বেশি ভুল হয় তার তালিকা, যা সামান্য চর্চার মাধ্যমে আয়ত্ত করা সম্ভবঃ

ভুল	শুদ্ধ	ভুল	শুদ্ধ
অংক	অঙ্ক	দোষণীয়	দূষণীয়
অধ্যুষিত	অধ্যুষিত	দুষ্কৃতিকারী	দুষ্কৃতকারী
আকাংখা	আকাঙ্ক্ষা	ধনাট্য	ধনাঢ্য
আভ্যন্তরীণ	অভ্যন্তরীণ	ধ্বংসনুখ	ধ্বংসোমুখ
আশঙ্খা/আশংকা	আশঙ্কা	ন্যাক্কারজনক	ন্যাক্কারজনক
ইতিপূর্বে	ইতঃপূর্বে	নগন্য	নগণ্য
ইতিমধ্যে	ইতোমধ্যে	নগরায়ন	নগরায়ণ
ঈক্ষিপ্ত	ঈক্ষিত	নচেত	নচেৎ
উৎকর্ষতা	উৎকর্ষ	নজীরবিহীন	নজিরবিহীন
উচ্ছৃংখল	উচ্ছৃঙ্খল	নূন্যতম	ন্যূনতম
উত্তক্ত	উত্ত্যক্ত	নিরবিচ্ছিন্ন	নিরবচ্ছিন্ন
উদ্যোগ	উদ্যোগ	পুংখানুপুংখ	পুঞ্জানুপুঞ্জ
উপরোক্ত	উপর্যুক্ত	প্রত্যয়ন	প্রত্যায়ণ
ঐক্যমত	ঐকমত্য	পথিকৃত	পথিকৃৎ
কাংখিত	কাঙ্খিত	পেশাজীবী	পেশাজীবী (অনুরূপ আইনজীবী, বুদ্ধিজীবী)
কুটনীতি	কূটনীতি	ব্যতীত	ব্যতীত
কার্যতঃ	কার্যত	মুমূর্ষু	মুমূর্ষু
গুণগুণ	গুনগুন	মূলতবি	মূলতুবি
গ্রামীন	গ্রামীণ	মহমূর্হ	মহমূর্হ
গরিষ্ঠ	গরিষ্ঠ	লক্ষনীয়	লক্ষণীয়
গ্রহন	গ্রহণ	সত্বেও	সত্বেও
গার্হস্থ	গার্হস্থ্য	স্বতঃস্ফূর্ত	স্বতঃস্ফূর্ত
জগৎবিখ্যাত	জগদ্বিখ্যাত	সত্তা, স্বত্বা	সত্তা
জীবীকা	জীবিকা	স্থায়ীভাবে	স্থায়িভাবে
জরুরী	জরুরি	সদ্যোজাত	সদ্যজাত
জেষ্ঠ্য	জেষ্ঠ	সমীচিন	সমীচীন
জোড়গলায়	জোরগলায়	সমৃদ্ধশালী	সমৃদ্ধিশালী
ঝুঁকিপূর্ণ	ঝুঁকিপূর্ণ	স্বচ্ছল	সচ্ছল
ঝাঁক, ঝাঁঝালো	ঝাঁজ, ঝাঁজালো	স্বস্ত্রীক	সস্ত্রীক
তৎক্ষণাত	তৎক্ষণাৎ	সুষ্ঠ	সুষ্ঠু
থুথু	থুথু	হুংরোগ	হৃদরোগ
দন্ধ, দ্বন্দ	দ্বন্দ্ব	হলস্থূল	হলস্থূল
দুর্বিসহ	দুর্বিষহ	হীনমন্যতা	হীনম্মন্যতা
দারিদ্রতা	দারিদ্র	ক্ষতিগ্রস্থ	ক্ষতিগ্রস্ত
দিশারী	দিশারি	ক্ষম	ক্ষম

Signature
24/2/2020